

আন-নাহল | An-Nahl | النحل

আয়াতঃ ১৬ : ২৯

আরবি মূল আয়াত:

فَادْخُلُوا أَبْوَابَ جَهَنَّمَ خَالِدِينَ فِيهَا ۖ فَلَبِئْسَ مَثْوَى الْمُتَكَبِّرِينَ ﴿٢٩﴾

অনুবাদসমূহ:

সুতরাং তোমরা জাহান্নামের দরজাগুলো দিয়ে প্রবেশ কর, তাতে স্থায়ী হয়ে। অতএব অবশ্যই অহংকারীদের আবাস অতিনিকৃষ্ট। — আল-বায়ান

কাজেই জাহান্নামের দরজায় প্রবেশ কর, সেখানে তোমাদেরকে চিরকাল থাকতে হবে, দাস্তিকদের আবাসস্থল কতই না মন্দ! — তাইসিরুল

সুতরাং তোমরা দ্বারগুলি দিয়ে জাহান্নামে প্রবেশ কর, সেখানে স্থায়ী হওয়ার জন্য। দেখ, অহংকারীদের আবাসস্থল কত নিকৃষ্ট! — মুজিবুর রহমান

So enter the gates of Hell to abide eternally therein, and how wretched is the residence of the arrogant. — Sahih International

২৯. কাজেই তোমরা দরজাগুলো দিয়ে জাহান্নামে প্রবেশ কর, তাতে স্থায়ী হয়ে। অতঃপর অহংকারীদের আবাসস্থল কত নিকৃষ্ট!

তফসীরে জাকারিয়া

(২৯) সুতরাং তোমরা জাহান্নামের দরজাগুলিতে প্রবেশ কর সেথায় চিরস্থায়ী থাকার জন্য।[1] দেখ অহংকারীদের আবাসস্থল কত নিকৃষ্ট।

[1] ইমাম ইবনে কাসীর বলেন, তাদের মৃত্যুর পর পরই তাদের রুহগুলো জাহান্নামে চলে যায়। আর তাদের দেহগুলো কবরে পড়ে থাকে। (যেখানে আল্লাহ নিজ কুদরতে শরীর ও রুহের মধ্যে দূরত্ব থাকা সত্ত্বেও এক ধরনের সম্পর্ক সৃষ্টি করে শাস্তি দেন। সকাল-সন্ধ্যা তাদের সামনে আগুন পেশ করা হয়।) অতঃপর যখন কিয়ামত সংঘটিত হবে, তখন তাদের রুহগুলো তাদের নিজ নিজ (নতুন) দেহে ফিরে আসবে এবং চিরকালের জন্য তারা জাহান্নামে প্রবেশ করবে।

তফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=1930>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন